# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল

## এবং

## সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
## এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র


উপক্রমনিকা........................................................................................................................ ৩

কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................................................................................ ৪

সেকশন১: রূপকল্প (Vision),অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি .............................. ৫-৬

সেকশন২: কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ............................................................ ৭

সেকশন৩: কৌশলগত উদ্দেশ্য ভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ.......................................... ৮

সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms)........................................................................................ ১৩

সংযোজনী২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয় সমূহ এবং পরিমাপ পদ্ধতি ........................................ ১৪

সংযোজনী৩: অন্যান্য অফিসের সাথে কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা................................................................ ১৫

# উপক্রমণিকা (Preamble)

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে জামুকার অনুকূলে প্রদত্ত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করে মুক্তিযুদ্ধ সম্পর্কিত সরকারের আইন ও বিধিমালা, বিঘোষিত নীতি ও কর্মসূচী, রূপকল্প ২০৪১, ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) এবং সরকারের সার্বিক উন্নয়ন অগ্রাধিকারের যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক(ভারপ্রাপ্ত), জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল

এবং

সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ অত্র চুক্তিতে বর্ণিত বিষয়সমূহে সম্মত হলেন:

# জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের কর্ম সম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Jatio Muktijoddha Council)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহঃ

গত ০৩ (তিন) বছরে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ১৮টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভাসমূহে ৮৪১৮ জন ব্যক্তিকে সাধারণ মুক্তিযোদ্ধা, ১০৩ জনকে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, ১৩০ জনকে নারী মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা), ২৯ জনকে শব্দ সৈনিক, ১১৪ জনকে মুজিবনগর সরকারের কর্মচারী, ৩৫ জনকে চিকিৎসাসেবা প্রদানকারী, ১৩ জনকে প্রবাসে বিশ্বজনমত গঠনে ভূমিকা পালনকারী, ৩৮ জনের সেনা গেজেট, ০৪ জনকে বিসিএস মুক্তিযোদ্ধা এবং ৬৮৪ জনকে শহিদ মুক্তিযোদ্ধা হিসেবে চিহ্নিত করে গেজেটভুক্ত করার জন্য সুপারিশ করা হয়েছে। একই সময়ে ১৫৮১ জনের গেজেট বাতিলের জন্য, ৮৯০ জনের বাহিনী গেজেট বাতিল করে বেসামরিক গেজেটভুক্তির এবং ২৩১০৪ জনের গেজেট নিয়মিতকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে সুপারিশ প্রেরণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ:

মুক্তিযুদ্ধের দীর্ঘ সময় পর প্রকৃত মুক্তিযোদ্ধা চিহ্নিত করা বেশ জটিল ও কষ্টসাধ্য। প্রকৃত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাইয়ের জন্য গঠিত কমিটিতে অন্তর্ভুক্ত করার জন্য সৎ, দক্ষ ও আদর্শবান লোকের অভাব রয়েছে। মাঠ পর্যায়ে গঠিত কমিটিতে অন্তর্ভুক্ত সদস্যদের অনিয়মের অভিযোগে যাচাই-বাছাই কার্যক্রমের বিরুদ্ধে অনেক মামলা রুজু হচ্ছে। এমনকি অনেক মামলায় কনটেম্পট অব কোর্ট হচ্ছে। এসব মামলা মোকাবেলায় অর্থ ও শ্রম নষ্ট হচ্ছে। প্রয়োজনে বাড়তি জনবলের সহায়তায় মামলার দফাওয়ারী জবাব (Statement of facts) প্রস্তুতসহ মামলায় সঠিক সময়ে প্রতিদ্বন্ধিতা করা।

ভবিষ্যৎ পরিকল্পনা:

প্রকৃত মুক্তিযোদ্ধাদের চিহ্নিত করে তাদের নেতৃত্বে জাতীয় পর্যায়সহ জেলা, উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে বঙ্গবন্ধুর আদর্শ এবং মুক্তিযুদ্ধের চেতনার সাথে সংগতিপূর্ণ বিভিন্ন প্রকল্প এবং সামাজিক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন। জাল ও ভুয়া সনদপত্র ও প্রত্যয়ন পত্র বাতিলের জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ। মুক্তিযুদ্ধের ইতিহাস, ঐতিহ্য ও স্মৃতি রক্ষার্থে বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন। মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সংগঠন, সংঘ ও সমিতি পরিচালনার জন্য সংশ্লিষ্ট নীতিমালা বাস্তবায়ন। মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠনের নিবন্ধীকরণ ও নিয়ন্ত্রণ। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের জনবল বৃদ্ধির মাধ্যমে মুক্তিযোদ্ধাদের স্বার্থ সংশ্লিষ্ট কার্যাবলী সম্পাদন।

**২০২৪-২৫ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ:**

- জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সভার ৯০% সিদ্ধান্ত বাস্তবায়ন;
- নারী মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) হিসেবে প্রাপ্ত আবেদন ৯০% নিষ্পত্তিকরণ;
- মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে নির্দেশিত রীট মামলার ৮০% এসএফ প্রেরণ ও সঠিক সময়ে প্রতিদ্বন্ধিতা করা;
- ১৯৫২-১৯৭৫ মেয়াদে সংঘটিত আন্দোলন, সংগ্রাম, মুক্তিযুদ্ধ এবং এসব ক্ষেত্রে বঙ্গবন্ধুর ভূমিকা ও দেশ পরিচালনায় বঙ্গবন্ধুর অসামান্য অবদান বিষয়ে ন্যূনতম ০৭টি গবেষণা সম্পাদন;
- মুক্তিযুদ্ধের চেতনা সম্বলিত ২৫,০০০ টি বই সরবরাহ;
- জেলা ও উপজেলা পর্যায়ে ৪২টি স্থানে আয়োজিত অনুষ্ঠানে শিক্ষার্থীদেরকে স্থানীয় পর্যায়ের বীর মুক্তিযোদ্ধাদের যুদ্ধকালীন বীরত্বগাঁথা শুনানো;
- ৩৬টি নিবন্ধিত সমিতি পরিদর্শন;
- ২৬টি নিবন্ধিত সমিতি নবায়ন; এবং
- ১০০০ বেসামরিক মুক্তিযোদ্ধার গেজেটভুক্তির সুপারিশ প্রেরণ।

## সেকশন -১

## রূপকল্প (Vision),অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), প্রধান কার্যাবলি (Functions):

### ১.১ রূপকল্প (Vision) :

বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনাকে সমুন্নত রাখা এবং বীর মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ সাধন।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

বিদ্যমান আইন ও নীতিমালার আলোকে বীর মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণসাধন এবং বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনাকে রাষ্ট্রীয় ও জাতীয় জীবনে সুপ্রতিষ্ঠিত করা।

### ১.৩

| ক্র: নং | কর্মসম্পাদনের ক্ষেত্র |
|---|---|
| ১. | **মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ সাধন;** |
| ২. | **বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন কার্যক্রম;** |
| ৩. | **মুক্তিযোদ্ধাদের নিয়ে গঠিত বিভিন্ন পর্যায়ে অঙ্গ সংগঠন গঠন, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান;** |
| ৪. | প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ; |
| এম.১ | সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ। |

### ১.৪ প্রধান কার্যাবলি (Main Functions):

(ক) মুক্তিযুদ্ধের ইতিহাস, ঐতিহ্য ও স্মৃতি রক্ষার্থে বিভিন্ন প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন, পরিচালনা, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান;

(খ) প্রকৃত মুক্তিযোদ্ধাদের তালিকা প্রণয়ন ও গেজেট প্রকাশের জন্য সরকারের নিকট সুপারিশ প্রদান;

(গ) গেজেটভুক্ত কোনো মুক্তিযোদ্ধা প্রকৃত মুক্তিযোদ্ধা নহে তদন্তে প্রমাণিত হইলে তাহার গেজেট ও সনদ বাতিলের জন্য সরকারের নিকট সুপারিশ প্রদান;

(ঘ) অসত্য তথ্যের ভিত্তিতে গেজেটভুক্ত ও সনদপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের নিকট সুপারিশ প্রদান;

(ঙ) ১৯৭১ খ্রিস্টাব্দের ২৬ মার্চ হইতে ১৬ ডিসেম্বর পর্যন্ত যাহারা মহান মুক্তিযুদ্ধের সময় রাজাকার, আল-বদর, আল-শামস, মুজাহিদ বাহিনী ও পিচ কমিটির সদস্য হিসেবে কর্মকান্ডে লিপ্ত ছিল বা আধা-সামরিক বাহিনীর সদস্য হিসাবে সশস্ত্র যুদ্ধে নিয়োজিত থাকিয়া বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের বিরোধিতা করিয়াছে বা খুন, ধর্ষণ, লুট, অগ্নিসংযোগের অপরাধমূলক ঘৃণ্য কার্যকলাপ দ্বারা নিরীহ মানুষকে হত্যার মাধ্যমে যুদ্ধাপরাধ সংগঠিত করিয়াছে অথবা একক বা যৌথ বা দলীয় সিদ্ধান্তক্রমে প্রত্যক্ষভাবে, সক্রিয়ভাবে বা পরোক্ষভাবে বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের বিরোধিতা করিয়াছে তাহাদের বিদ্যমান তালিকা প্রকাশের পদক্ষেপ গ্রহণ করিবে ও প্রয়োজনে, যথাযথ তথ্যের ভিত্তিতে নূতন তালিকা এবং ১৯৭০ সনের নির্বাচনে যাহারা এম.এন.এ এবং এম.পি এ নির্বাচিত হইয়া পাকিস্তানের পক্ষ অবলম্বন করিয়াছিল এবং বাংলাদেশের পক্ষ অবলম্বনের কারণে শূন্য ঘোষিত আসনে উপনির্বাচনে পাকিস্তান সরকার কর্তৃক নির্বাচিত এম.এন.এ এবং এম.পি.এ দের তালিকা প্রণয়ন ও গেজেট প্রকাশের জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ;

(চ) বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করিবার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণসহ তাহাদের সর্বোতভাবে পুনর্বাসন;

(ছ) মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন ও আদর্শ প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় পর্যায়সহ বিভাগ, মহানগর, জেলা, উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে সামাজিক অর্থনৈতিক কর্মসূচি গ্রহণ;

(জ) রাষ্ট্রীয় ও সমাজ জীবনের সকল স্তরে মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনা সমুন্নত রাখা ও কার্যকর করিবার লক্ষ্যে সকল শ্রেণীর নারী, শিশু-কিশোর, যুবক, ছাত্র, শিক্ষক, কৃষক, শ্রমিক, ব্যবসায়ী, সংস্কৃতি কর্মী, বুদ্ধিজীবীসহ সকল শ্রেণি ও পেশার মানুষের সমন্বয়ে বিভিন্ন পর্যায়ে অঙ্গ সংগঠন গঠন, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান;

(ঝ) মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠনের নিবন্ধন প্রদান, সাময়িকভাবে স্থগিতকরণ ও বাতিলকরণ;

(ঞ) মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠনের নিবন্ধন ফি, নবায়ন ফি, ইত্যাদি নির্ধারণ;

(ট) মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠন, সংঘ, সমিতি, ইত্যাদি পরিচালনার জন্য প্রয়োজনীয় বিধিমালা প্রণয়নে সরকারকে পরামর্শ প্রদান;

(ঠ) বিভিন্ন ব্যক্তি, সংস্থা ও সংগঠন কর্তৃক মুক্তিযুদ্ধের ইতিহাস, স্মৃতি, আদর্শ সংক্রান্ত সৌধ, ভাস্কর্য, জাদুঘর ইত্যাদি নির্মাণের অনুমতি প্রদাণ ও তত্ত্বাবধান;

(ড) কাউন্সিলের মালিকানাধীন স্থাবর ও অস্থাবর সম্পত্তির উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণ;

(ঢ) স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন, ধারণ ও সরকারের পূর্বানুমোদনক্রমে হস্তান্তর ও বিক্রয়;

(ণ) মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠনের বাতিলকৃত কার্যনির্বাহী কমিটির ক্ষেত্রে প্রশাসক নিয়োগ;

(ত) মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট অন্যান্য বিষয় সম্পর্কিত কার্যাবলি সম্পাদন; এবং

(থ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সময় সময়, সরকার কর্তৃক অর্পিত অন্যান্য কার্যাবলি সম্পাদন।

## সেকশন-২

### বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ২০২৪-২০২৫

| চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচক | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা সমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| বেসামরিক গেজেটভুক্তি (দারিদ্র্য বিলোপে প্রভাব) | সুবিধাপ্রাপ্ত মুক্তিযোদ্ধার সংখ্যা | জন | ৪০৪৬ | ১৪১৫ | ১০০০ | ৯০০ | ৮০০ | ১। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ২। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, ৩। বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৪। বাংলাদেশ মুক্তিযুদ্ধ যাদুঘর, ৫। জেলা প্রশাসন, ৬। উপজেলা প্রশাসন। | জামুকা সভার কার্যবিবরণী। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| ১৯৫২-১৯৭৫ মেয়াদে সংঘটিত আন্দোলন, সংগ্রাম, মুক্তিযুদ্ধ এবং এসব ক্ষেত্রে বঙ্গবন্ধুর ভূমিকা ও দেশ পরিচালনায় অসামান্য অবদান বিষয়ে গবেষণা সম্পাদন (বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন) | গবেষণা সম্পন্নকরণ | সংখ্যা | - | ৬ | ৭ | - | - | ১। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়<br>২। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল<br>৩। বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট<br>৪। বাংলাদেশ মুক্তিযুদ্ধ যাদুঘর<br>৫। জেলা প্রশাসন<br>৬। উপজেলা প্রশাসন। | চুক্তির অনুলিপি। |
| মুক্তিযোদ্ধাদের নিয়ে গঠিত বিভিন্ন পর্যায়ে অঙ্গ সংগঠন নিবন্ধন, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান (দারিদ্র্য বিলোপে প্রভাব) | পরিদর্শিত নিবন্ধিত সমিতি | সংখ্যা | ৩৫ | ৩৫ | ৩৬ | ৩৭ | ৩৮ | ১। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল।<br>২। জেলা প্রশাসন।<br>৩। উপজেলা প্রশাসন।<br>৪। সংশ্লিষ্ট নিবন্ধিত সমিতি। | পরিদর্শন প্রতিবেদন ও অফিস আদেশ |
| ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে কর্মচারীদের কারিগরি দক্ষতা বৃদ্ধি ও প্রশিক্ষণ প্রদান (সেবার মান বৃদ্ধি) | প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ৫০ | ৫০ | ৬০ | ৬২ | ৬৪ | ১। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।<br>২। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল। | অফিস আদেশ ও হাজিরা শীট, সম্মানী শীট |

সেকশন-৩:

**বাৎসরিক কর্মসম্পাদনের ক্ষেত্র: ২০২৪-২৫**

| ক্রঃ নং | কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান |
|---|---|---|
| ১. | মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ সাধন; | ২০ |
| ২. | বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন কার্যক্রম; | ২০ |
| ৩. | মুক্তিযোদ্ধাদের নিয়ে গঠিত বিভিন্ন পর্যায়ে অঙ্গ সংগঠন গঠন, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান; | ১৫ |
| ৪. | প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ; | ১৫ |
| এম.১ | সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ। | ৩০ |
| | সম্পূর্ণ মান | ১০০ |

## সেকশন-৩:
## বাৎসরিক কার্যক্রমের তালিকা: ২০২৪-২৫

| ক্রঃ নং | কর্মসম্পাদনের ক্ষেত্র (Area of Performance) | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান (Weight of Area of Performance) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন ২০২৩-২৪ | পরিমাপের মান | | | | | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতিমান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ১. | ১. বীর মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ সাধন; | ২০ | [১.১] জামুকার সভা আয়োজন | [১.১.১] সভা আয়োজনকৃত | সংখ্যা | ৪ | ৬ | - | ৬টি | ৫টি | ৪টি | ৩টি | ২টি | ৭টি | ৭টি |
| | | | [১.২] জামুকার সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; | [১.২.১] সিদ্ধান্ত বাস্তবায়নকৃত | % | ৪ | ৮৬ | - | ৯০% | ৮৫% | ৮০% | ৭৫% | ৭০% | ৯৫% | ১০০% |
| | | | [১.৩] বিভাগীয় কমিটির সভা আয়োজন | [১.৩.১] সভা আয়োজনকৃত | সংখ্যা | ৪ | ১৫৭ | - | ৪৫টি | ৪০টি | ৩৫টি | ৩০টি | ২৫টি | ৫০টি | ৫৫টি |
| | | | [১.৪] নারী মুক্তিযোদ্ধার (বীরাঙ্গনা) আবেদন নিষ্পত্তিকরণ; | [১.৪.১] আবেদন নিষ্পত্তিকৃত | % | ৪ | ১০০ | - | ৯০% | ৮৫% | ৮০% | ৭৫% | ৭০% | ৯৫% | ৯৭% |
| | | | [১.৫] মুবিম হতে নির্দেশিত রীট মামলার এসএফ প্রেরণ; | [১.৫.১] প্রেরণকৃত এস এফ | % | ৪ | ৭৬ | - | ৮০% | ৭৫% | ৭০% | ৬৫% | ৬০% | ৮৫% | ৯০% |
| ২. | ২. বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন কার্যক্রম; | ২০ | [২.১] ১৯৫২-১৯৭৫ মেয়াদে সংঘটিত আন্দোলন, সংগ্রাম, মুক্তিযুদ্ধ এবং এসব ক্ষেত্রে বঙ্গবন্ধুর ভূমিকা ও দেশ পরিচালনায় বঙ্গবন্ধুর অসামান্য অবদান বিষয়ে গবেষণা সম্পাদন | [২.১.১] গবেষণা সম্পন্নকরণ | সংখ্যা | ৪ | - | - | ৭টি | ৬টি | ৫টি | ৪টি | ৩টি | - | - |
| | | | [২.২] মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় মুক্তিযুদ্ধের চেতনা সম্বলিত বই সরবরাহ | [২.২.১] মুক্তিযুদ্ধের চেতনা সম্বলিত বই সরবরাহ | সংখ্যা | ৪ | - | - | ২৫,০০০টি | ২৪,০০০টি | ২৩,০০০টি | ২২,০০০টি | ২১,০০০টি | - | - |
| | | | [২.৩] জেলা ও উপজেলা পর্যায়ে শিক্ষার্থীদেরকে স্থানীয় পর্যায়ের বীর মুক্তিযোদ্ধাদের যুদ্ধকালীন বীরত্বগাঁথা শুনানো ও ডকুমেন্ট প্রস্তুতকরণ | [২.৩.১] ৪২টি ভেন্যুতে শিক্ষার্থীদেরকে স্থানীয় পর্যায়ের মুক্তিযুদ্ধের বীরত্বগাঁথা শুনানো | সংখ্যা | ৪ | - | - | ৪২টি | ৪০টি | ৩৮টি | ৩৬টি | ৩৪টি | - | - |
| | | | | [২.৩.২] প্রস্তুতকৃত ডকুমেন্ট | সংখ্যা | ৪ | - | - | ৪২টি | ৪০টি | ৩৮টি | ৩৬টি | ৩৪টি | - | - |
| | | | [২.৪] প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন | [২.৪.১] প্রশিক্ষণ/কর্মশালা আয়োজিত | সেশন সংখ্যা | ৪ | | | ৪টি | ৩টি | ২টি | ১টি | ০ | - | - |

# সেকশন-৩:

## বাৎসরিক কার্যক্রমের তালিকা: ২০২৪-২৫

| ক্রঃ নং | কর্মসম্পাদনের ক্ষেত্র (Area of Performance) | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান (Weight of Area of Performance) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন ২০২৩-২৪ | পরিমাপের মান | | | | | প্রক্ষেপণ ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতিমান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | | | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | |
| ৩. | ৩. বীর মুক্তিযোদ্ধাদের নিয়ে গঠিত বিভিন্ন পর্যায়ে অঙ্গ সংগঠন নিবন্ধন, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান; | ১৫ | [৩.১] নিবন্ধিত সমিতি পরিদর্শন | [৩.১.১] পরিদর্শিত নিবন্ধিত সমিতি | সংখ্যা | ৩ | ৩৫ | | ৩৬ | ৩৪ | ৩২ | ৩০ | ২৮ | ৩৭ | ৩৮ |
| | | | [৩.২] নিবন্ধিত সমিতিরি সভাপতি ও সাধারণ সম্পাদকের সাথে মতবিনিময় সভা আয়োজন | [৩.২.১] সভা আয়োজনকৃত | সংখ্যা | ৩ | ০৪ | | ৪টি | ৩টি | ২টি | ১টি | ০ | ৫টি | ৬টি |
| | | | [৩.৩] নিবন্ধিত সমিতির নবায়ন | [৩.৩.১] নবায়নকৃত সমিতি | সংখ্যা | ৩ | ২২ | | ২৬টি | ২৪টি | ২২টি | ২০টি | ১৮টি | ২৭টি | ২৮টি |
| | | | [৩.৪] সমিতির কার্যকরী কমিটির অনুমোদন | [৩.৪.১] অনুমোদিত কমিটি | সংখ্যা | ৩ | ০৪ | | ১০ | ০৮ | ০৬ | ০৪ | ০২ | ১১ | ১২ |
| | | | [৩.৫] সমিতির নিবন্ধন বাতিল | [৩.৫.১] বাতিলকৃত সমিতি | সংখ্যা | ৩ | - | | ৫টি | ৪টি | ৩টি | ২টি | ১টি | ৬টি | ৭টি |
| ৪. | ৪. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ; | ১৫ | [৪.১] জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের কর্মকর্তা কর্তৃক শাখা পরিদর্শন; | [৪.১.১] শাখা পরিদর্শিত | সংখ্যা | ৩ | ৮ | | ৮টি | ৭টি | ৬টি | ৫টি | ৪টি | ৮টি | ৮টি |
| | | | [৪.২] ই-জিপি সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রশিক্ষিত জনবল তৈরি; | [৪.২.১] ই-জিপি প্রশিক্ষণ আয়োজিত | প্রশিক্ষণার্থী সংখ্যা | ৩ | ২৩ | | ৮জন | ৭জন | ৬জন | ৫জন | ৪জন | ১০জন | ১২জন |
| | | | [৪.৩] ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের লক্ষ্যে কর্মচারীদের কারিগরি দক্ষতা বৃদ্ধি ও সমসাময়িক অন্যান্য প্রশিক্ষণ প্রদান; | [৪.৩.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ৩ | ৫০ | | ৬০ঘন্টা | ৫৫ঘন্টা | ৫০ঘন্টা | ৪৫ঘন্টা | ৪০ঘন্টা | ৬২ঘন্টা | ৬৪ঘন্টা |
| | | | | [৪.৩.২] সমসাময়িক বিষয় নিয়ে লার্নিং সেশন আয়োজিত | সেশন সংখ্যা | ৩ | ৪ | | ৪টি | ৩টি | ২টি | ১টি | ০ | ৫টি | ৬টি |
| | | | [৪.৪] জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ, পদোন্নতি, অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রম | [৪.৪.১] নিয়োগ/পদোন্নতি প্রদানকৃত | তারিখ | ১ | - | | ২৯-০৫-২০২৫ | ০৫-০৬-২০২৫ | ১২-০৬-২০২৫ | ১৯-০৬-২০২৫ | ২৬-০৬-২০২৫ | ১৮-০৬-২০২৬ | ২৫-০৬-২০২৬ |
| | | | | [৪.৪.২] অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা আয়োজন | তারিখ | ২ | - | | ২৯-০৫-২০২৫ | ০৫-০৬-২০২৫ | ১২-০৬-২০২৫ | ১৯-০৬-২০২৫ | ২৬-০৬-২০২৫ | ১৮-০৬-২০২৬ | ২৫-০৬-২০২৬ |

## সেকশন-৩:
## বাৎসরিক কার্যক্রমের তালিকা: ২০২৪-২৫

| ক্র: নং | কর্মসম্পাদনের ক্ষেত্র (Area of Performance) | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান (Weight of Area of Performance) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | পরিমাপের মান<br>অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতিমান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | মন্ত্রিপরিষদ বিভাগের মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| এম.১ | সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [এম.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [এম.১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | |
| | | | [এম.১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [এম.১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | |
| | | | [এম.১.৪] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [এম.১.৪.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | |
| | | | [এম.১.৫] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [এম.১.৫.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | |
| | | | [এম.১.৩] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [এম.১.৩.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | |

আমি, মহাপরিচালক(ভারপ্রাপ্ত), জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর প্রতিনিধি তথা সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট দপ্তরকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| মহাপরিচালক (ভারপ্রাপ্ত)<br>জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল | ৩০.০৬.২০২৪<br>তারিখ |
| সচিব<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ৩০ জুন ২০২৪<br>তারিখ |

## শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | মুবিম | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| ২ | জামুকা | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল |
| ৩ | বামুকট্রা | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যান ট্রাস্ট |
| ৪ | মুজা | মুক্তিযুদ্ধ জাদুঘর |
| ৫ | বামুস | বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ |
| ৬ | জেপ্র | জেলা প্রশাসন |
| ৭ | উজেপ্র | উপজেলা প্রশাসন |
| ৮ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল |

## সংযোজনী- ২:

## কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ২০২৪-২৫

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] জামুকার সভা আয়োজন | [১.১.১] সভা আয়োজনকৃত | জামুকা | সভার নোটিশ, সভার কার্যবিবরণী, স্থিরচিত্র, সামারী শিট, হাজিরা শিট। |
| [১.২] জামুকার সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; | [১.২.১] সিদ্ধান্ত বাস্তবায়নকৃত | জামুকা ও মুবিম | জামুকা সভার কার্যবিবরণী ও পরিপালন প্রতিবেদন, সামারী শিট। |
| [১.৩] বিভাগীয় কমিটির সভা আয়োজন | [১.৩.১] সভা আয়োজনকৃত | জামুকা | সভার নোটিশ, বিভাগীয় সভার কার্যবিবরণী |
| [১.৪] নারী মুক্তিযোদ্ধার (বীরাঙ্গনা) আবেদন নিষ্পত্তিকরণ; | [১.৪.১] আবেদন নিষ্পত্তিকৃত | জামুকা ও মুবিম | নারী মুক্তিযোদ্ধার মোট আবেদনের তালিকা ও উপকমিটির সভার কার্যবিবরণী |
| [১.৫] মুবিম হতে নির্দেশিত রীট মামলার এসএফ প্রেরণ; | [১.৫.১] প্রেরণকৃত এস এফ | জামুকা | মুবিম হতে নির্দেশিত রীট মামলার তালিকা ও জামুকা হতে প্রেরিত এসএফ এর তালিকা, সামারী শিট |
| [২.১] ১৯৫২-১৯৭৫ মেয়াদে সংঘটিত আন্দোলন, সংগ্রাম, মুক্তিযুদ্ধ এবং এসব ক্ষেত্রে বঙ্গবন্ধুর ভূমিকা ও দেশ পরিচালনায় বঙ্গবন্ধুর অসামান্য অবদান বিষয়ে গবেষণা সম্পাদন | [২.১.১] গবেষণা সম্পন্নকরণ | বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন শীর্ষক প্রকল্প | গবেষণা প্রতিবেদনের অনুলিপি |
| [২.২] মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় মুক্তিযুদ্ধের চেতনা সম্বলিত বই সরবরাহ | [২.২.১] মুক্তিযুদ্ধের চেতনা সম্বলিত বই সরবরাহ | বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন শীর্ষক প্রকল্প | বই বিতরণের প্রতিবেদন/প্রত্যয়ন, জেলা/উপজেলাওয়ারী প্রতিষ্ঠানের নামসহ বিতরণকৃত বইয়ের সংখ্যা |
| [২.৩] শিক্ষার্থীদেরকে স্থানীয় পর্যায়ের বীর মুক্তিযোদ্ধাদের যুদ্ধকালীন বীরত্বগাথা শুনানো | [২.৩.১] শিক্ষার্থীদেরকে স্থানীয় পর্যায়ের বীর মুক্তিযোদ্ধাদের যুদ্ধকালীন বীরত্বগাথা শুনানো | বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন শীর্ষক প্রকল্প | অনুষ্ঠান সম্পন্নের প্রতিবেদন/প্রত্যয়ন+অফিস আদেশ+হাজিরা শিট |
| | [২.৩.২] বীরত্বগাথা শুনানো অনুষ্ঠানের ডকুমেন্ট প্রস্তুতকরণ | বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন শীর্ষক প্রকল্প | প্রস্তুতকৃত ডকুমেন্ট/প্রত্যয়ন। |
| [২.৪] প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন | [২.৪.১] প্রশিক্ষণ/কর্মশালা আয়োজিত | বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন শীর্ষক প্রকল্প | অফিস আদেশ+হাজিরা শিট + সম্মানী শিট |
| [৩.১] নিবন্ধিত সমিতি পরিদর্শন | [৩.১.১] পরিদর্শিত নিবন্ধিত সমিতি | জামুকা | পরিদর্শন প্রতিবেদন+অফিস আদেশ |
| [৩.২] নিবন্ধিত সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদকের সাথে মতবিনিময় সভা আয়োজন | [৩.২.১] সভা আয়োজনকৃত | জামুকা | সভার নোটিশ+হাজিরা শিট+ স্থিরচিত্র |
| [৩.৩] নিবন্ধিত সমিতির নবায়ন | [৩.৩.১] নবায়নকৃত সমিতি | জামুকা | নবায়ন সংক্রান্ত পত্র |
| [৩.৪] সমিতির কার্যকরী কমিটি অনুমোদন | [৩.৪.১] অনুমোদিত কমিটি | জামুকা | কমিটি অনুমোদন সংক্রান্ত পত্র |
| [৩.৫] সমিতির নিবন্ধন বাতিল | [৩.৫.১] বাতিলকৃত সমিতি | জামুকা | সমিতির নিবন্ধন বাতিল সংক্রান্ত পত্র |
| [৪.১] জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের কর্মকর্তা কর্তৃক শাখা পরিদর্শন | [৪.১.১] শাখা পরিদর্শিত | জামুকা | পরিদর্শন প্রতিবেদন+অফিস আদেশ |
| [৪.২] ই-জিপি সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রশিক্ষিত জনবল তৈরি | [৪.২.১] ই-জিপি প্রশিক্ষণ আয়োজিত | জামুকা | অফিস আদেশ+হাজিরা শিট + সম্মানী শিট |
| [৪.৩] ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে কর্মচারীদের কারিগরি দক্ষতা বৃদ্ধি ও সমসাময়িক অন্যান্য প্রশিক্ষণ প্রদান; | [৪.৩.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত | জামুকা | অফিস আদেশ+হাজিরা শিট + সম্মানী শিট |
| | [৪.৩.২] সমসাময়িক বিষয় নিয়ে লার্নিং সেশন আয়োজিত | জামুকা | অফিস আদেশ+হাজিরা শিট + সম্মানী শিট |
| [৪.৪] জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ, পদোন্নতি, অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রম | [৪.৪.১] নিয়োগ/পদোন্নতি প্রদানকৃত | জামুকা | নিয়োগ/পদোন্নতি সংক্রান্ত আদেশ |
| | [৪.৪.২] অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা আয়োজন | জামুকা | ত্রিপক্ষীয় সভার কার্যবিবরণী |

## সংযোজনী ৩:

### অন্য অফিসের সাথে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ : ২০২৪-২৫

| সংস্থার ধরণ | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|---|
| দপ্তর / সংস্থা | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যান ট্রাস্ট | [১.২] জামুকা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; | [১.২.১] সিদ্ধান্ত বাস্তবায়নকৃত | প্রকৃত মুক্তিযোদ্ধা চিহ্নিতকরণের লক্ষ্যে বিভিন্ন প্রকার তথ্য প্রদানের মাধ্যমে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলকে সুষ্ঠ কর্মসম্পাদনে সহায়তা প্রদান। |
| দপ্তর / সংস্থা | মুক্তিযুদ্ধ যাদুঘর | [১.৫] নারী মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) আবেদন নিষ্পত্তিকরণ; | [১.৫.১] নারী মুক্তিযোদ্ধার আবেদন নিষ্পত্তিকৃত | প্রকৃত মুক্তিযোদ্ধা চিহ্নিতকরণের লক্ষ্যে বিভিন্ন প্রকার তথ্য প্রদানের মাধ্যমে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলকে সুষ্ঠ কর্মসম্পাদনে সহায়তা প্রদান। |